# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৬]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ উভয় পা ধৌত করতে হবে, জুতার উপর মাসেহ করবে না

## باب غَسْلِ الرِّجْلَيْنِ فِي النَّعْلَيْنِ وَلاَ يَمْسَحُ عَلَى النَّعْلَيْنِ

আরবী

□□□ـ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا وقد قِيلَ لَهُ يَا أَبَا عَبْدِالرَّحْمَنِ رَأَيْتُكَ تَصْنَعُ أَرْبَعًا لَمْ أَرَ أَحَدًا مِنْ أَصْحَابِكَ يَصْنَعُهَا، قَالَ: وَمَا هِيَ؟ قَالَ: رَأَيْتُكَ لا تَمَسُّ مِنَ الأَرْكَانِ إِلا الْيَمَانِيَّيْنِ، وَرَأَيْتُكَ تَلْبَسُ النِّعَالَ السِّبْتِيَّةَ، وَرَأَيْتُكَ تَصْبُغُ بِالصُّفْرَةِ، وَرَأَيْتُكَ إِذَا كُنْتَ بِمَكَّةَ أَهَلَّ النَّاسُ إِذَا رَأَوُا الْهِلالَ وَلَمْ تُهِلَّ أَنْتَ حَتَّى كَانَ يَوْمُ التَّرْوِيَةِ، فقَالَ: أَمَّا الأَرْكَانُ: فَإِنِّي لَمْ أَرَ رَسُولَ اللَّهِ يَمَسُّ إِلا الْيَمَانِيَّيْنِ وَأَمَّا النِّعَالُ السِّبْتِيَّةُ: فَإِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ يَلْبَسُ النَّعْلَ الَّتِي لَيْسَ فِيهَا شَعَرٌ، وَيَتَوَضَّأُ فِيهَا فَأَنَا أُحِبُّ أَنْ أَلْبَسَهَا، وَأَمَّا الصُّفْرَةُ: فَإِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ يَصْبُغُ بِهَا، فَأَنَا أُحِبُّ أَنْ أَصْبُغَ بِهَا، وَأَمَّا الإِهْلالُ: فَإِنِّي لَمْ أَرَ رَسُولَ اللَّهِ يُهِلُّ حَتَّى تَنْبَعِثَ بِهِ رَاحِلَتُهُ.(بخارى:□□□

বাংলা

১৩২) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, একদা তাকে বলা হল, হে আবু আব্দুর রাহমান! আপনাকে চারটি কাজ করতে দেখি, কিন্তু আপনার কোন সাথীকেই এগুলো করতে দেখিনা। তিনি বললেনঃ সেগুলো কী? বর্ণনাকারী বলেনঃ আমি দেখি, আপনি শুধু রুকনে ইয়ামানী এবং হাজরে আসওয়াদ ব্যতীত অন্য কোন রুকন স্পর্শ করেন না। আপনি সিবতী জুতা পরিধান করে থাকেন। আপনি আপনার কাপড়গুলো হলুদ রং দ্বারা রঞ্জিত করেন। আপনি যখন মক্কায় থাকেন অন্যান্য লোকেরা চাঁদ দেখামাত্রই তালবীয়া পাঠ করে আর আপনি তারবীয়ার দিন (যুল হজ্জ মাসের ৮ তারিখ) ছাড়া তালবীয়া পাঠ করেন না- এর কারণ কি?

ইবনে উমার (রাঃ) প্রত্যেকটি প্রশ্নের জবাব দিতে গিয়ে বলেনঃ আল্লাহর ঘরের রুকনসমূহ স্পর্শের ব্যাপারে আমার কথা হল আমি আল্লাহর রাসূলকে হাজরে আসওয়াদ ও রুকনে ইয়ামানী ব্যতীত কাবা ঘরের অন্য কোন রোকন স্পর্শ করতে দেখিনি। আর সিবতী জুতা সম্পর্কে কথা হল, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এমন জুতা পরিধান করতে দেখেছি, যাতে কোন পশম ছিলনা। এই জুতা পরেই তিনি অযু করতেন। এই জন্য

আমি সিবতী জুতা পরিধান করতে ভালবাসি। আর হলুদ রং সম্পর্কে কথা হল আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হলুদ রং দ্বারা স্বীয় কাপড় রঞ্জিত করতে দেখেছি। তাই আমি উক্ত রং দ্বারা কাপড় রঞ্জিত করতে ভালবাসি। আর তালবীয়া পাঠের ব্যাপারে কথা হল, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ততক্ষণ পর্যন্ত তালবীয়া পাঠ করতে দেখিনি যতক্ষণ না বাহন (উট) তাঁকে নিয়ে রওয়ানা দিয়েছে।

টিকাঃ সিবতী জুতা হচ্ছে চামড়ার তৈরী বিশেষ এক ধরণের জুতা, যা সেই সময়ের লোকেরা পরিধান করত।

## English

Washing the feet when one is wearing the shoes, and it is not sufficient for one to pass a wet hand over the shoes (but one should take off the shoes and wash one's feet)

Narrated `Ubaid Ibn Juraij:

I asked `Abdullah bin `Umar, "O Abu `Abdur-Rahman! I saw you doing four things which I never saw being done by anyone of you companions?" `Abdullah bin `Umar said, "What are those, O Ibn Juraij?" I said, "I never saw you touching any corner of the Ka`ba except these (two) facing south (Yemen) and I saw you wearing shoes made of tanned leather and dyeing your hair with Hinna (a kind of red dye). I also noticed that whenever you were in Mecca, the people assume Ihram on seeing the new moon crescent (1st of Dhul-Hijja) while you did not assume the Ihlal (Ihram) -(Ihram is also called Ihlal which means 'Loud calling' because a Muhrim has to recite Talbiya aloud when assuming the state of Ihram) - till the 8th of Dhul-Hijja (Day of Tarwiya). `Abdullah replied, "Regarding the corners of Ka`ba, I never saw Allah's Messenger (ﷺ) touching except those facing south (Yemen) and regarding the tanned leather shoes, no doubt I saw Allah's Messenger (ﷺ) wearing non-hairy shoes and he used to perform ablution while wearing the shoes (i.e. wash his feet and then put on the shoes). So I love to wear similar shoes. And about the dyeing of hair with Hinna; no doubt I saw Allah's Messenger (ﷺ) dyeing his hair with it and that is why I like to dye (my hair with it). Regarding Ihlal, I did not see Allah's Messenger (ﷺ) assuming Ihlal till he set out for Hajj (on the 8th of Dhul-Hijja).

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৬৭
ইসলামিক সেন্টারঃ ১৬২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88828

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন